দৈনিক বাংলা

তারিখ ... 01 NOV 1992 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

07

# পঞ্চম জাতীয় সংসদ সম্পর্কে প্রামাণ্য গ্রন্থ

## প্রকাশনার খরচ যোগাড় করা হয় ধার করে, জমি–গয়না বেচে




হাসান হাফিজ ঃ পঞ্চম জাতীয় সংসদ সম্পর্কে একটি প্রামাণ্য গ্রন্থ সম্প্রতি প্রকাশিত হয়েছে। বৃহৎ কলেবর এই গ্রন্থটিতে বর্তমান ৩৩০ জন এমপির ছবি, সংক্ষিপ্ত জীবনী ছাড়াও বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। কতিপয় তরুণের দীর্ঘদিনের শ্রম ও সাধনার ফসল এটি। সম্পাদনা করেছেন তরুণ লেখক আহমাদউল্লাহ।

কি আছে এ বইয়ে? আছে বাংলাদেশের সংক্ষিপ্ত পরিচিতি, বাংলাদেশের দুই হাজার বছরের রাজনৈতিক ইতিহাস, জাতীয় সংসদের ইতিহাস ১৯৭০–৯১, গত চারটি সংসদের বিবরণী, গত সাধারণ নির্বাচনের সংক্ষিপ্ত তথ্যপত্র।

বাহাত্তরে প্রণীত মূল সংবিধানে এযাবৎকাল পর্যন্ত সংযোজিত বারোটি সংশোধনীও এ বইয়ে মুদ্রিত। আছে জাতীয় সংসদ ভবন সম্পর্কিত খুঁটিনাটি তথ্যাবলীও।

এ পরিকল্পনা কেমন করে করলেন? এ প্রশ্নের উত্তরে আহম্মদউল্লাহ জানান, একটি পত্রিকার পক্ষ থেকে জাতীয় সংসদ লাইব্রেরীতে একসময় কাজ করতে গিয়েছিলাম। প্রয়োজনীয় গ্রন্থ, তথ্যের অভাব আমাকে হতাশ করে। জাতীয় সংসদের ইতিহাস ও প্রাসঙ্গিক বিষয়গুলো সম্পর্কে যা পেলাম তা নিতান্তই অপ্রতুল। বইপত্র নেই, লাইব্রেরী কর্মকর্তা কর্মীরা বিভিন্ন ফাইল ঘাঁটতে বলেন। ওই কাজে ঘোরাঘুরি করতে গিয়ে এ বইয়ের প্ল্যান মাথায় আসে।

দীর্ঘ ১৪ মাস পরিশ্রমের পর আটজন তরুণ এই কাজটি সম্পন্ন করেছেন। ঘোরাঘুরিতে ক্লান্ত হয়ে চারজন হাল ছেড়ে দেন শেষ পর্যন্ত। বাকী চারজনের মধ্যে দু'জনকে অনার্স পরীক্ষা ড্রপ করতে হয়। সম্পাদক জানান, শুধুমাত্র পরিকল্পনা ও সাহসের ওপর নির্ভর করেই আমরা কাজটা শেষ করতে পেরেছি। '৫ম জাতীয় সংসদ সদস্য প্রামাণ্য গ্রন্থ' অবশেষে আলোর মুখ দেখেছে।

বইটির নেপথ্য কাহিনীতে করুণ চিত্রও আছে। দুঃখ করে বললেন এর সম্পাদক, অনেক এমপি বিশ্বাসই করতে পারেননি যে এরকম বই বেরুতে পারে। তাদের কেউ কেউ ছবি দেননি, নিজেদের সম্পর্কে তথ্য জানাননি। এখন বই দেখে তারা অনুতপ্ত। কেউ বলছেন, যত খরচ লাগে আমার ছবিটা লাগিয়ে দিন বইয়ে।

তিন হাজার কপি ছাপা হয়েছে বইটির। দাম ছয়শ' টাকা। এ প্রকল্পে মোট ব্যয় হয়েছে সাত লক্ষ টাকা।

দাম এত বেশী রাখলেন কেন? সম্পাদক জানান, একজন এমপি'র কাছে গড়ে ৩৫ বার করে যেতে হয়েছে। ফিল্ড ওয়ার্কে খরচ পড়ে গেছে প্রচুর। বইটি প্রকাশনার অর্থ যোগাড় করতে হয়েছে জমি ও গয়না বিক্রি করে এবং মূলত ধার করে। সামান্য কিছু টাকার বিজ্ঞাপন পাওয়া গেছে।

বইটি উৎসর্গ করা হয়েছে ১৯৯১ সালের "নিরপেক্ষ নির্বাচনের প্রবাদপুরুষ গণতন্ত্রায়নের পথিকৃৎ" সাবেক অস্থায়ী প্রেসিডেন্ট ও বর্তমানে প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে।

প্রচ্ছদে জাতীয় সংসদ ভবন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনার ছবি ছাপা হয়েছে।

সম্পাদক অক্টোবর মাসে বইটি প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে আনুষ্ঠানিকভাবে উপহার দিয়েছেন। প্রধানমন্ত্রী তরুণদের উদ্যোগ ও উদ্যমের প্রশংসা করেছেন বলে সম্পাদক জানালেন।

বইটির ভূমিকায় বলা হয়েছে এ গ্রন্থ নির্ভুল নয়। ভুলগুলো জানালে পরের সংস্করণে তা সংশোধন করা হবে। সম্পাদক জানান, বইটি সম্পর্কে তারা মোটামুটি ভাল সাড়া পাচ্ছেন।